

উপাদেশী

ডঃ হাবিবুর রহমান চৌধুরী
 ডঃ মুহাম্মদ হাফিজ
 ডঃ সৈয়দ আব্দুল হক
 ডঃ হুমায়ূন আহমেদ
 ডঃ কুইয়া ইসলাম

সম্পাদনা উপদেষ্টা
 ডঃ আবদুল হান্নান

সম্পাদক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

নির্বাহী সম্পাদক
 খন্দকার মাহমুদ ইসলাম

প্রধান নির্বাহী
 ইয়াসীন হামিদ

সহযোগী সম্পাদক
 খন্দকারী ফারুক

সহকারী সম্পাদক
 হুসাইন হান্নান

মু. প্রবন্ধক
 মোহাম্মদ হুসাইন

সম্পাদনা সহযোগী
 এ. এ. বি. এ. ব. মল্লিক

এ. এ. বি. এ. ব. মল্লিক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

এ. এ. বি. এ. ব. মল্লিক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

এ. এ. বি. এ. ব. মল্লিক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

এ. এ. বি. এ. ব. মল্লিক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

এ. এ. বি. এ. ব. মল্লিক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

এ. এ. বি. এ. ব. মল্লিক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

এ. এ. বি. এ. ব. মল্লিক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

এ. এ. বি. এ. ব. মল্লিক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

এ. এ. বি. এ. ব. মল্লিক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

এ. এ. বি. এ. ব. মল্লিক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

এ. এ. বি. এ. ব. মল্লিক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

এ. এ. বি. এ. ব. মল্লিক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

এ. এ. বি. এ. ব. মল্লিক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

এ. এ. বি. এ. ব. মল্লিক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

এ. এ. বি. এ. ব. মল্লিক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

এ. এ. বি. এ. ব. মল্লিক
 এ. এ. বি. এ. ব. মল্লিক

সম্পাদকের দফতর থেকে

মাসিক

কমপিউটার জগৎ

জুলাই ১৯৯২

ইন্টারনেট মত বাঁচতে চাইলে, কেউ ড্রাগন হয় না

পচ্চিশবেলা ডাটা এন্ট্রি, কমপিউটার সার্ভিস ও সফটওয়্যার শিল্পের মানুষেরা যখন দক্ষিণ পূর্ব এশিয়ার সমতুল্য বিশ্বমানে উপনীত হবার জন্য মরিয়া হয়ে উঠেছে, তখন স্বাধীন বাংলাদেশ সরকার, সংস্থা ও পবিত্রতেরা উৎকণ্ঠিত। বাংলাদেশ সরকার রপ্তানীমুখী উন্নয়ন প্রক্রিয়ার অঙ্গীকার করেছে ৯২-৯৩-র বাজেটে। তাতে রপ্তানী শিল্প হিসাবে বিপুল সম্ভাবনার এ ষাটটির ব্যাপারে একটি উল্লেখ কিংবা একটি টাকার বরাদ্দও নেই। কমপিউটার সার্ভিস শিল্পের জন্য প্রয়োজনীয় লোকবল ও কাঠামো গড়ে তোলার জন্য প্রতিবেশী ও এশীয় দেশসমূহে সরকার যে অগ্রণী ভূমিকা পালন করেছে, তার তুল্য কোন উদ্যম আমাদের কর্তৃপক্ষ গ্রহণ করছেন না। গত বছর কমপিউটার জগৎ-এর ভাটা এন্ট্রি শিক্ষা সম্ভাবনা বিষয়ক সাংবাদিক সম্মেলনের পর ভারতের লোকসভায় ডাটা এন্ট্রি শিল্পের উপর আলোচনা ও বিতর্ক হয়েছে প্রায় ফটাব্যাপী। আমাদের জাতীয় সংসদের কার্যক্রমে কমপিউটার শব্দটি অনুপস্থিত বললেই চলে। বিশ্ববিদ্যালয়সমূহে কমপিউটার শিকার কোন ব্যবস্থা আছে কিনা, এ নিয়ে চলতি বাজেট অধিবেশনে সংসদে একটি মামুলি প্রশ্ন এসেছিল। তাতেও শিক্ষামন্ত্রী মাথাচুলকে বলেছেন, না, তাও হয়নি। অসিটিগুলি যখন কমপিউটার শিকার বাইরে, তখন সর্বস্তরের কমপিউটার শিক্ষা প্রসারের দাবী ও উচ্চারণ প্রায় নিরর্থক। অর্থাৎ ৬ লক্ষ কোটি টাকার বিশ্ব চাহিদায় সমৃদ্ধ কমপিউটার সার্ভিস শিল্পে অবতীর্ণ হবার জন্য আমাদের জনগণ, মেধাবী ও উদ্যমী মানুষেরা অধীর।

গত একদশকে গার্মেন্টস শিল্প গড়ে তুলবার জন্য যেমন অল্পস্ত প্রতিশ্রুততা অতিক্রম করতে হয়েছে, তেমনি ভাবে সরকারের সর্বোচ্চ মনোনিবেশ, পবিত্রতদের নেতৃত্বে কমপিউটার সার্ভিস শিল্পের ভিত্তি নির্মাণ ও প্রসারিত করা জরুরী। এ ব্যাপারে সুনির্দিষ্ট ৭ দফা কর্মসূচী তুলে ধরা হয়েছিল কমপিউটার জগতে। এ জগতের তরুণ ও প্রবীণ প্রজন্ম ৭ দফাকে যথাযথ বলে অনুমান করেছেন। কিন্তু আমাদের সরকার মাথা ঘামাতে চান না বলে সব কাজ পড়ে আছে। অর্থাৎ ইচ্ছা করলে খুব সহজে কমপিউটার সার্ভিস শিল্পের গোড়াপত্তন করা যায়।

ভারত যেভাবে ডিপার্টমেন্ট অব ইলেকট্রনিক্স গঠন করেছে সে ভাবে আমাদের সন্যগঠিত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতায় কমপিউটার সার্ভিস বিভাগ গঠন করে কমপিউটার বিক্রেতা প্রতিষ্ঠানের প্রশিক্ষণ ব্যবস্থাকে সহায়তা নিয়ে ডাটা এন্ট্রি, মাঝারী স্তরের তথ্য প্রযুক্তির কাজ ও সফটওয়্যার তৈরির প্রশিক্ষণ ব্যবস্থা গড়ে তোলা যায়। এসব প্রশিক্ষণ কেন্দ্রের সাথে উদ্যোক্তাদের যুক্ত করলে রপ্তানীমুখী সফটওয়্যার হাউজ গড়ে উঠতে পারে খুব দ্রুত ও সহজে।

সরকার কর্মসংস্থান, ২০ হাজার কোটি টাকার আয়ের সম্ভাবনার কথা বহু নিক থেকে বলা সত্ত্বেও সরকারের মূম ভাঙছে না। ইচ্ছা থাকলে একশত্রুভাবে একটি সম্ভাবনাকে বাস্তবে রূপায়ন করা যায়। অর্থাৎ ইচ্ছার অভাবেই বাংলাদেশ মুখিক হয়ে পড়ে আছে। চীনা প্রবাদে বলা হয়, "ড্রাগন আগুন ধার বলেই আগুন উদগীরণ করতে পারে। ইন্টারনেট মত বাঁচতে চাইলে কেউ ড্রাগন হতে পারে না।" আমাদের জনগণ ও তরুণ প্রজন্ম যখন বিশ্বজয়ের অধীরতা নিয়ে অপেক্ষমান, তখন আমাদের সরকার, রাজনীতি, আমলাতন্ত্র এদেশকে "ইন্টারনেট মত বাঁচতে" বাধ্য করছে। ইন্টারনেট মত নীচু স্বভাবের কাজ, কাটাছুটি, নানাকথা ও বিরক্তিতে দেশ ভরে যাচ্ছে। কিন্তু জাতীয় নেতৃত্বের মধ্য থেকে কেউই জাতিকে নিয়ে বড় স্বপ্ন রূপায়নে মনো উঠছে না।

আমরা জনগণকে এ পরিস্থিতি লক্ষ্য করার আহ্বান জানাচ্ছি। নয় অর্ধবছরের মধ্যে কমপিউটার সার্ভিস শিল্পের ভিত্তি গড়ে তোলার লক্ষ্য ঘোষণার জন্য আমরা সরকার প্রধানকে আবারও অনুরোধ জানাচ্ছি। ○

মাস প্রতি তপি পনের টাকা
 গ্রাহক হবার জন্য বার্ষিক সভাক বেত লত টাকা,
 বাৎসরিক সভাক অসি টাকা যানি অর্ডার, ড্রেক,
 ব্যাংক ড্রাফট-এ "কমপিউটার জগৎ"
 নামে ১৪৮/১ আফিমপুর রোড, ঢাকা- ১২০৫ এ
 টিকানায় পরাতে হবে।